দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... JUL 30 2000
পৃষ্ঠা ৮ কলাম ৬

## শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের কেন্দ্রীয় কমিটি গঠন

**স্টাফ রিপোর্টার** ঃ ৬ দফা দাবী বাস্তবায়নে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের এক সভা বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সভাপতি ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির মহাসম্পাদক প্রফেসর এম শরীফুল ইসলামের সভাপতিত্বে মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজে অনুষ্ঠিত হয়।

সভায় ঐক্যজোটের নিম্নবর্ণিত ৩২ সদস্যবিশিষ্ট কেন্দ্রীয় কমিটি গঠন করা হয়। প্রধান সমন্বয়কারী প্রফেসর এম শরীফুল ইসলাম, মহাসম্পাদক, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি; সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া, মহাসচিব, বাংলাদেশ শিক্ষক সমিতি; আহবায়ক শেখ আমানুল্লাহ, সভাপতি, বাংলাদেশ শিক্ষক সমিতি; মাওলানা এম এ লতিফ, মহাসচিব, বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন; মোহাম্মদ সাখাওয়াত হোসেন মল্লিক, সভাপতি, বাংলাদেশ শিক্ষক সমিতি; যুগ্ম আহবায়ক, অধ্যক্ষ মোঃ মাযহারুল হান্নান; সাধারণ সম্পাদক, বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ; প্রদীপ চন্দ্র চক্রবর্তী, সভাপতি, বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতি; মোঃ রফিকুল ইসলাম, সভাপতি, বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন; মোঃ শফিকুল আলম, মহাসম্পাদক, বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন।

এছাড়াও প্রত্যেক সংগঠন থেকে তিনজন করে মোট ২৪ জন সদস্য নির্বাচিত করা হয়।

৭-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## শিক্ষক কর্মচারী ঐক্যজোট

৮-এর পৃষ্ঠার পর

আগামীকাল (সোমবার) ৩১ জুলাই ঐক্যজোটের কেন্দ্রীয় কমিটির সভায় ৬ দফা দাবী আদায়ে কর্মসূচী গৃহীত হবে। এদিকে শিক্ষক সমিতির আহবানে ৪ দিনব্যাপী পূর্ণদিবস কর্মবিরতি পালন করায় শেখ আমানুল্লাহ ও মোঃ সেলিম ভুঁইয়া শিক্ষক-কর্মচারীদের প্রতি অভিনন্দন জানিয়েছেন।

বাংলাদেশ সাধারণ শিক্ষক সংগ্রাম পরিষদ গতকাল (শনিবার) এক বিবৃতিতে অবিলম্বে বেসরকারী স্কুল-কলেজ-মাদ্রাসার শিক্ষকদের প্রারম্ভিক বেতন ১০০ ভাগ করাসহ অন্যান্য প্রতিশ্রুত দাবীসমূহ মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানিয়েছে। বিবৃতিতে শিক্ষকদের চলমান আন্দোলনে ঐক্যবদ্ধ শিক্ষক আন্দোলনের জন্য সাধারণ শিক্ষকদের আকাংক্ষাকে ধারণ করে শিক্ষক সমিতি ও কর্মচারী ফেডারেশনসহ ৮টি সংগঠন ঐক্যবদ্ধভাবে 'শিক্ষক-কর্মচারী ঐক্যজোট' গঠন করায় তাদেরকে অভিনন্দন জানানো হয়। একইভাবে শিক্ষকদের চলমান আন্দোলনকে বেগবান করার জন্য শিক্ষক সমিতি (কামরুজ্জামান) এবং বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আগামী ৫ আগস্ট থেকে অবিরাম কর্মবিরতি ঘোষণা করায় তাদেরকে অভিনন্দন জানানো হয়।